ত্রিপুরা সরকার

তথ্য ও সংস্কৃতি অধিকার

*****

স-৩৩৭৪

আগরতলা, ২৩ অক্টোবর, ২০২৫

**বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর) প্রস্তুতি নিয়ে**

**ইসিআই-এর দুই দিনের সিইও সম্মেলন সম্পন্ন**

ভারতের নির্বাচন কমিশন (ইসিআই)-এর দুই দিনের রাজ্য মুখ্য নির্বাচনী আধিকারিকদের (সিইও) সম্মেলন আজ নয়াদিল্লির ইন্ডিয়া ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেক্টোরাল ম্যানেজমেন্ট (আইআইআইডিইএম)-এ সমাপ্ত হয়েছে। এতে সভাপতিত্ব করেন মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমার, এবং উপস্থিত ছিলেন নির্বাচন কমিশনার ড. সুখবীর সিং সান্ধু ও ড. বিবেক জোশি। দেশের সকল রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলের সিইওরা এই সম্মেলনে অংশগ্রহণ করেন।

সম্মেলনে সিইওদের নিজ নিজ রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলে বিশেষ নিবিড় সংশোধন (এসআইআর)-এর প্রস্তুতি চূড়ান্ত করতে নির্দেশ দেওয়া হয়। কমিশনের সিনিয়র আধিকারিকদের পক্ষ থেকে এসআইআর প্রক্রিয়া নিয়ে সিইওদের উত্থাপিত প্রশ্নগুলিরও সমাধান করা হয়। সম্মেলনে কমিশন সংশ্লিষ্ট রাজ্য/কেন্দ্রশাসিত অঞ্চলে বর্তমান ভোটার তালিকার সঙ্গে গত এসআইআর-এর ভোটার তালিকা মিলিয়ে দেখার কাজের অগ্রগতি মূল্যায়ন করে। তাছাড়া কমিশন আসাম, তামিলনাড়ু, পুদুচেরি, কেরল ও পশ্চিমবঙ্গের সিইওদের সঙ্গে একান্ত বৈঠকও করেন। রাজ্য নির্বাচন দপ্তরের পক্ষ থেকে এক বিবৃতিতে এই তথ্য জানানো হয়েছে।

*****